

## নওগাঁয় দুই স্কুলছাত্রকে অপহরণ করে হত্যা

নওগাঁ প্রতিনিধি

নওগাঁয় শাকিল (৮) ও রুবেল (৯) নামে দুই স্কুলছাত্রকে অপহরণ করে দুর্বৃত্তরা নৃশংসভাবে হত্যা করেছে। শুক্রবার সকালে পুলিশ রানীনগর উপজেলার বাহাদুরপুর গ্রাম ও আত্রাই উপজেলার ব্রজপুর গ্রামের নির্জন ঝোপ-জঙ্গল থেকে শাকিল এবং রুবেলের ক্ষত-বিক্ষত ও অর্ধগলিত লাশ উদ্ধার করে মর্গে পাঠিয়েছে। নিহতদের পরিবারের অভিযোগ, মুক্তিপণ না দেয়ায় শাকিল ও রুবেলকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে এবং রুবেলের শরীর থেকে ২টি চোখ ও কিডনি সন্ধানসীরা তুলে নিয়েছে। বর্তমানে ওই ২টি গ্রামের স্কুলগামী ছাত্রছাত্রীদের অভিভাবকরা আতঙ্কিত হয়ে পড়েছেন।

পুলিশ ও গ্রামবাসী সূত্রে জানা গেছে, রানীনগর উপজেলার বাহাদুরপুর গ্রামের জনৈক রফিকুল ইসলামের একমাত্র পুত্র তৃতীয় শ্রেণীর ছাত্র শাকিলকে (৮) গত ১ জুন স্কুল থেকে ফেরার পর বাড়ি থেকে বাদাম খাওয়ার নাম করে তারই চাচা অহিদুল ইসলাম অপহরণ করে নিয়ে যায়। অপহরণের পর ৬০ হাজার টাকা মুক্তিপণ দাবি করা হয়। ঘটনা জানাজানি হয়ে গেলে অহিদুল গ্রাম থেকে পালিয়ে যায় এবং গত ৬ জুন সন্ধ্যায় গ্রামের পাশের একটি ক্ষেতে শাকিলের ক্ষতবিক্ষত লাশ পাওয়া যায়। এই অপহরণ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ হতভাগ্য চাচা অহিদুলের দাদা সুবোধ আলী ও মাহফুজা বেগমকে গ্রেফতার করেছে। অপর ঘটনা আত্রাই উপজেলা ব্রজপুর গ্রামে ঘটে। ওই গ্রামের এবাদুর রহমানের পুত্র তৃতীয় শ্রেণীর ছাত্র রুবেলকে গত ৪ জুন অপহরণ করা হয়। অপহরণের তিনদিন পর রুবেলের লাশ গ্রামের একটি নির্জন পুকুর পাড়ের ঝোপে অর্ধগলিত অবস্থায় পাওয়া যায়। এ সময় তার চোখ ও পেট কাটা ছিল। পরিবারের লোকজনের ধারণা, লাশের শরীর থেকে চোখ ও কিডনি খুলে নিয়ে গেছে দুর্বৃত্তরা। লাশ উদ্ধারের পরপর নওগাঁ পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন।